
বীরবাহু কাব্য।



আযু ও ঈশ্বচন্দ্র ব'্ন কোং বহুৰাঞ্চাৱক ১৮২ সংগ্ৰংক ভাৰনে কী।নুহে।প যাজে মুদ্রিত।

मन ১२१) माल १

बांड् कि स्म निन् इरन, जन्द कुष्या यरव, ভারতের জয়কেতৃ মহাতেজে উভিত। रदि कनि कालिमान, खनारस मधुन ভाষ, ভারতবাসীর মন নানা রসে ভূষিত 🖽 যবে দেব-অবতংশ, রমু কুরু পাঁওবংশ, গবনে করিয়া প্রংশ ধরাতল শাসিত। ভারতের পুনর্বার, সে শোভা হবে কি আর!

অংহোধা হস্তিন। পাটে হিন্দু মতে বসিত ।

বিজ্ঞাপন।

প্রায় তিন বৎসর হইল আমি "চিন্তা-তরঙ্গিণী" নামে একখানি অতি কৃদ্র কাব্য প্রচার করিয়াছি। সেই থানি এক্ষণে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাধি গ্রহণেচ্ছু ছাত্রগণের প্রথম পরীক্ষার অন্যতম পাঠ্য গ্রন্থ স্বৰূপ নিয়োজিত হইয়াছে।

অতঃপর জনসমাজে সমধিক পরিচিত
হইবার অভিলাষে আর একখানি কাব্য প্রচার
করিতেছি। কিন্তু নিতান্ত সঙ্গুচিত-চিন্তে এই
কার্য্যে প্রবৃত্ত হইলাম। একালে গ্রন্থ,—
বিশেষতঃ কবিতা গ্রন্থ,প্রচার করা তঃ র্মাইসের
কর্মা; কপালগুণে হয় ত যশের নয় ত কঠিন
গঞ্জনার ভাগী হইতে হয়। কিন্তু মনুষোর
মন এত অন্থির এবং তাহার চিন্ত এত যশোলোলুপ যে জানিয়া শুনিয়াও কেহ এই ছুবাই
পথের পথিক হইতে সহজে নির্ত্ত হয় না।
ভাগ্যে যাহাই ঘটুক একবার চেন্টা করিয়া

দেখি সকলেই আপনাকে এই ৰূপে আশ্বাস দিয়া থাকে। আমিও তদ্ধপ একজন।

উপাখ্যানটা আদ্যোপান্ত কাম্পনিক.
কোন ইতিহাসমূলক নহে। পুরাকালে হিন্দু
কুলতিলক বীরহৃন্দ স্বদেশ রক্ষার্থ কি প্রকার
দৃত্প্রতিজ্ঞ ছিলেন কেবল তাহারই দৃষ্টান্ত
স্বৰূপ এই গাম্পটা রচনা করা হইয়াছে।
অতএব এই ঘটনার কাল নিণয়ার্থ হিন্দু
দিগের পুরাহাত্ত অনুসন্ধান করা অনাবশ্যক

থিদিরপুর ৩১এ বৈশাখ) জ্ঞীহেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়



আংগভাগে ছুটে গিয়ে পথ সজ্জ। করিছে। অৰুণে করিয়া সঙ্গে,

অলক্ত লেপিরিঃ রক্ষে

ছুই ধারে রাঙা রাঙা ঘন গুলি থুইছে।
সুধাকরে কোলে করি,

শেত সাচী দিয়া ধিরি

মধুমাথ। মুখ তার ভাল করে ঢাকিছে।

চন্দ্রের খেলনা গুনি—

তারাপঞ্জ গুণি গুণি,

অঞ্চলের শেষভাগে একে একে বাঁধিছে॥

তৃষিতে দিবার রাজা,

ভাল ভাল যুক্তা যাজা

শ্যাম ধরাতল বুকে দারি দারি গাঁথিছে।

রঞ্জিতে তাঁহারি মন,

প্রমুদিত পুষ্পবন,

তৰু পরে থরে থরে ফুলমালা বাঁধিছে॥

বিহণ গাহক তায়, দিবাকর গুণগায়,

4

তার সনে তালে তালে সমীরণ নাচিছে। জয় দিবাকর বলি,

উদ্বয়ুখে প্ৰটাঞ্জলি.

পূর্ব্বাননে দিজগণ স্তবধনি করিছে। হেন গ্রীষ্ম প্রাতঃকালে, কান্যকুক্ত মহীপালে,

কনোজের যুব্রাজ আসি গদে নিজিল। যদি অনুমতি পাই, শীস্মাউপবনে যাই,

এই কথা বীরবাত্সমস্ত্রে কহিল।
শুনি আলিজন দিয়ে,
স্বেহে শির্ভাণ নিয়ে,

রণবার মহারাজ আশীর্কাদ করিল। পিতার আদেশ পেয়ে, তুরায় আদিয়া থেয়ে,

হেমলতা সন্নিধানে উপনীত হইল॥ এস প্রিয়ে তুইজনে,

शिरा श्रीत्र छेलवरन,

মিপুন দক্ষতি সম বনে বনে ভ্রমিব। মালভির মালা পরি, পদ্মপাতে ছত্তকরি,

দোঁহে মেলি ফুলফুল পরিমল লুটিব।

সুোতকুলে দোঁতে মেলি, করিব মলিল কেলি,

বাহুতে বাহুতে বাঁধি ম্রোতধার। ধরিব। রাজহংস পিছে পিছে,

যাব বারি সিঁচে সিঁচে, পদ্মবন মাঝে গিয়া সরোবরে ভাসিব॥

মৃণাল আনিয়া তুলে,

বিসিয়। তৰুর মূলে,

হরিণী-শাবকে কোলে ধরি দোঁতে গাওরার সারসে আনিয়া ধরে,

तळ-कवा गाला करत,

দুই জনে সমতনে গলদেশে পরাব॥

এক দিকে কেতকিনী,

এक फिरक कमलिनी,

ছুই ধারে রাশি করি ভ্রমরারে থেপাঁব।

তোমার অঞ্চল দিয়ে,

কোকিলারে লুকাইয়ে,

বাাকুল করিয়। পিকে ডালে ডালে ডাকাব ॥

গত আমে কত থেলা,

कतिशा (करिष्ट (वना),

সে সৰ স্মারণ প্রিয়ে হয় কি হে **ননেতে**।

চল গিয়ে পুনরায়,

বিহরিব ছজনায়,

বিষম থীপ্মের তাপ জুড়াইব বনেতে **॥**

8

শুনিয়া স্বামীর কথা, হর্ষতা হেমলতা

দ্রতগতি পতিকর করতলে চাপিয়া।

বলে এ কি নররায়,

দে কি কভু ভুলা যায়,

এ জগতে এই প্রাণ এদেহেতে ধরিয়া॥
সে সব হইলে মনে,

ভুলি স্বৰ্ণ সিংহাসনে

তিলেক থাকিতে হেথা চিতে আর লয়ন।। উপবন বিলাসিনী।

(मरे मत मीमलिनी,

সহ বিহরিতে বনে আর দেরি সয়ন।॥

পাসরিয়া সমুদায়,

মন সেই বনে ধায়,

ভাবি দেই ভাবে আছি তকতলে বদিয়া।

হেনকালে বন-বালা,

रमफूटन गाँथि गाना,

হাসি হাসি গলদেশে নের যেন আসিয়া।।

সেই ভাবে কয় জনে,

বসিয়া কুসুমাননে,

কামিনী-তক্তর ডালে প্রস্পদোলা ছুলায়ে।

কেশে ফুল নাজাইয়ে,

করে করতালি দিয়ে,

. शीरत शीरत रागरल अरम क्यूरवाल वाकारत।

কভু ফুলধন্ম করে, প্রতি জনে জনে ধরে, চাপিয়া হরিণী পরে বনমাঝে বিহরে। কভু মোরে রাখি মাঝে,

সাজ করি নানা সাজে,

নাচি নাচি কয়জনে চারি দিকে বিচরে॥
চল নাথ সেই স্থানে,
বিলম্ব সহেনা প্রানে,

গিয়া বন-কন্যাগণে আলিঙ্গনে তুষিব। ভূষিতে ভোমার মন,

নানাবিধ আয়োজন,

নানা ভাবে নান। রদে নানা থেলা থেলিব॥ শুনি প্রেয়দির ভাষ,

বীরবাত্ মনোলাম,

শ্নেহভরে প্রমদারে আলিঙ্গন করিল ই পরে ডাকি অনুচর, আদেশিলা বীরবর,

দাস দাসী আদি সবে আংয়োজনে মাতিল।
নগরে উঠিল গোল,
নিনাদে বাদ্যের রোল,

ছুর্গে ছুর্গে ধরুর্ঘে†যে নভঃভেদ করিল। স্বর্ণদণ্ড শিরোপরে, রক্ত নীল বর্ণ ধরে,

থরে থরে ঘরে ঘরে পতাকায় ছাইল।

চলিল নৃপতি সুত, গজবাজী যৃথেযুথ,

বাদ্যোদ্যম কোলাছলে ত্রিভুবন পুরিয়া।
গর্জনে মেদিনী টলে,

টিক্বারিল হেন বলে,

ভীষণ কোদণ্ড ছিলা রণ রণ করিয়া॥ পুরোভাগে যুবরাজ,

শিরে পরি বীরদা**জ,** এইরূপ প্রথা দেইকালে তথা আছিল।

এহরূপ প্রথা দেহকালে তথা আছিল। শাণিত লোহের তাজ, শাণিত লোহের সাজ,

বাত উক শির বক্ষ পৃষ্ঠদেশ ঢাকিল॥
স্থুদীর্ঘ সবল কার,
সিংহতীবা লাজ পার,

আজানুলিখিত বাত রিপুরেগ দিলন। মুখভাতি রবি দেখা, ললাটে অভয় লেখা,

ললাতে অভর লেখা, গভীর বুদ্ধির চিহ্ন ধরা তুই নয়ন॥ বামে নারী ছেমলতা,

ইব্রু ভয়ে আশি পাশে অনুগত। হইল। চারিদিকে কোলাহল,

যেন তডিতের লতা,

ल्ट्स निक प्रलदल,

কণোজরাজার পুত্র উপবনে চলিল

গমনে প্ৰন, বথ বাজিগ্ৰ,

পলকে যোজন পথ এড়ায়। ধরণী বিমানে, চলে কোন থানে,

কে জানে কথন কোথায় ধায়॥ ক্ষেত্ত মাঠ মৰু,

গিরি বারি তরু,

সোভধার। মত বহিয়া যায়। প্রহর ভিতরে, নানা শোভা ধরে,

গ্রীয় উপবন প্রকাশ পায়॥ বিশাল তথাল, প্রসারিয়া ডাল,

জানাইছে নাম বিগীন মাঝে। • তার সঙ্গে সঙ্গে,

छेठि नाना इटक,

তাল নারিকেল গুবাক সাজে॥ কোন ভাগে তার, স্থন্দর আকার,

শিহরে কদম দাড়িম পাশে।
অশোকে দেখিয়া,
রহস্য করিয়া,
কোথা বা বেহায়া শিমুল হাসে।

মুকুলে পূরিত. শাখা অবনত,

কোথা রহে চূত গরুবেভরা। কোথা ভব্দরাজ বটের বিরাজন

দেহেতে প্রাচীন পল্লব পর।॥
কোথ: মুখ তুলে,
ত্যেজে বুক খুলে,

স্থ্যমুখী চার ভাতুর করে। কোথা শুশোভন, কামিনীর বন.

খুলে দেয় মন সৌরভ ভরে॥
কোথা বা মেফালী
রুদে দেহ ঢালি,

আবেশে ধরণী উরদে পড়ে। কোথা বা গোলাপ, করিতে আলাপ,

প্রকুল মলিকা শাখীতে চড়ে।
কোথা কেতকিনী,
যেন পাগলিনী,

আলুথালু বেশে পড়িয়া রয়। অবকাশ পেয়ে, থীরে ধীরে ধেয়ে,

দেইখানে আদি সমীর বয়॥

ক্রমে সন্ধিন,
উত্তরিল যান,
ইরিষে তুজনে প্রবেশে বনে।
যত তক্দল,
মহা কুতৃহল,
ইসুম বরিষে হরিষ মনে॥
যত পাধীগণ,
করিয়া সারণ,

কুপুস্তা কত বাদেন ভাল। কুলায় তাজিয়া, বাহিরে আদিয়া,

কাকলি করিয়া ঢাকিল ডাল॥ সাক্ষ সারসী.

দোঁহারে পরশি, পশ্চাতে চলিল মরাল সনে।

তৃণ পরিহরি,

অঙ্গভঙ্গি করি,

হিরিণী ধাইল হরিষ মনে॥

এইরূপে যত,

ষত অনুগত,

সবে ক্রমাগত যুটিল আসি।

এমন সময়ে,

कूल-जालि लर्बः

বনবালা-দল আসিল হাসি॥

স্থি সম্বোধনে,
প্রতি জনে জনে,
আলিঙ্গন দানে তুষি স্বায়।
কুশল বারতা,
শুধি হেমলতা,
নিকুঞ্জ ভিতরে স্কলে যায়॥

হেরিয়া বসন্ত শোভা বসুন্ধর; মাঝো। ঋতুমহোৎসবে স্থে রামাগণ সাজে॥ রাজবালা বনবাল। স্থী কয় জন। मर्व टेकल ममक्रश वभन ভূষণ॥ ভেয়াগি নেতের বাদ রতনের দাম। অরণ্য কু**সুমে বেশ** কৈল অভিরাম॥ নবীন বলকল পরি লাজ সম্বরিয়া। ধরিল বিচিত্র বেশ কুমুম পরিয়া॥ युक्ता-माना विभिन्दत वनमाना मटन। স্যত্নে ক্পহার ক্রিলেন গলে॥ কর্ণ-বালা কর-বালা করি তিরোহিত। ঞতি মূলে ঝুম্ক। ফুল হৈল বিরাজিত ॥ কপালের সিঁথি শোভা আভা লুকাইল। क्रकपृष्। (कन मृत्ल जानि (पर्थ) पिल॥ নিতমে থেখলা যুচে লোহিত গোলাপ। নাভিপদ্ম সনে আসি করিল আলাপ।

চরণে ভূপুর হ্বনি আর না বাজিল। বক্ত জবা অৰুণের আতা প্রকাশিল। এই রূপে বহুকুরাস পুষ্প আভিরুণ। করে বীণা বাঁশি আদি করিয়া ধারণ॥ চলিলা যথায় চুত কাত্র হৃদয়। মাধবী তুলিতে কোলে অধোমুখে রয়। নিকটে আসিছা বীণা বাঁশি বাজাইয়।। মাধ্বী লভায় চুয়াচন্দ্ৰ ঢালিয়। ॥ মুকুলিত চূতশাথা নোয়াইয়া করে। চুত মাধবীতে বিয়া দিল সমাদৱে॥ এই রূপে কত খেল। খেলিতে লাগিল। পশুপক্ষী আদি মবে হরিষে ভাষিল॥ হীনবল প্রভাকর প্রদোষ হইল। বিশীন ভ্রমিয়া নৃপ তনয় ফিরিল। তৃণাসনে কয় জনে বসিয়। তথন। ভোজন করিয়া ক্ষা করি নিবারণ॥ পুনরায় বনলীলা আরম্ভ করিল। রাজপুত্র এই বার সংহতি চলিল॥ হদতটে নারীগণ আদির: তথন। বলে চল বারিপরে করিগে ভ্রমণ॥ বলি পদ্মভূলে গাঁথা ভেলার উপরে। होक-बोला दन-बोला डेटर्र शरत शरत ॥ ধারে ধারে সারি সারি বসিল কজন। অৱশেষে বীরুবাত কৈল আরোহণ ॥

কাণ্ডারীর বেশে হাতে কেৰুয়া ধরিয়া। নীল জলে পদ্মভেলা চলিল বাহিয়া ॥ ধীর সমীরণে বার্রি হিল্লোল বহিছে। ভেলা পাশে আদি ধীরে কলোল করিছে॥ বারি বায়ু হিলো:লতে পুলকিত কায়। বাঁশি সুরে রামাগণ সারি গাণ গায় ॥ তাহে দে হ্রদের শোভ। অমর লবিত। চারিদিকে ছয় যাট ক্যাটিক রচিত। খেত পাষাণেতে ভার বান্ধা চারি ধার। ধবল অচলে ষেন জ্লদ সঞার ॥ পশ্চিম কুলেতে শোভে বন দাৰু দাম। বিশাল তমাল শাল দেখিতে সুঠাম॥ পুর্বাকুলে সুরশাল ফলতক চর। माजित्र औकल अम साह ममूमश्र॥ मकित्। कुमूम बत्न कृत्लव त्मोत्छ। জানাইছে জীবলোকে কানন বৈভব॥ উত্তরেতে অট্রালিক। বিচিত্র গঠন। ভার প্রসারিয়। বায়ু করে আরোহণ ॥ সুবোৰর মধ্যভাগে অতি মনোহর। ক্সকার দ্বীপ এক রহে বারিপর॥ नवकुर्व। পরিপূর্ণ শ্যামল বরণ। নির্মাল গগণে যেন মেঘের স্জন। ভাহাতে নিঝঁর বারি নিয়ত নিগত। ষেন বিন্দু বিন্দু বারি পড়ে অবিরত ॥

নৃপস্থত বিনোদিনী দহ ভাবে জলে।
হেরি ভারু স্থ্রাকরি নিজধানে চলে॥
বিশাল শালের আড়ে লুকাইল রবি।
ক্রমে পূবে দেখা দিল শশধর ছবি॥
হেরিয়া কুমুদী জলে ঈবৎ হাদিল।
তমালের ভালে ডালে কোকিলা ডাকিল॥
বারিপরে সন্ধ্যাকালে বদন্ত সমীরে।
রদিল শরীর মন নেহারি শশিরে॥
বিনোদ শয়নে তন্ন জুড়াবার তরে।
বীরবাহু পদ্মভেলা ফিরালেন ঘরে॥
হেনকালে যোগিনীর বেশে একজন।
ঘাটের উপরে আদি দিল দরশন॥

মৃগচর্ম পরিধান, মুথে শিব গুণগান,
করতলে ত্রিশ্লের ফলা।
গলিত জটিল কেশ, মহাযোগিনীর বেশ,
কত্রকরমালা ময় গলা॥
শেষযোগনের ভরে, দেহ ঢল ঢল করে,
অন্তমান ভালুর তুলনা।
এক ধ্যানে এক মনে, রত তীর্থদরশনে,
পরিহরি বিষয় বামনা॥
চকিত নয়নতারা, যেন মৃগী মৃগহারা,
চেতনা হারায়ে পথে টলে।

.आंशमन कति शीरत, आंतिता टरमत शीरत, চৰণ ফালন কৈলা কলে ॥ পাযাণ দোপানোপরি, বনি এন চুচ করি, অটহাসি হাসিয়া উত্তিনা। বিশায় প্লাবিভয়নে, বিলানিনী নণ দনে যোগিনীরে তুমার পুজিলা॥ সভয়ে বিনয় বাণী, তুড়িয়া যুগল পাণি, বীরবাছ অভয় মাগিল। কেন টকল। উপহাস, কি দোবে দূষিত দাস-এই কথা বলি সুধাইল ॥ শুনি বামা ঘোর ববে, কছে তবে শুন মৰে, এ ভবে নাহিক সুথলেশ। দকলি কালের থেলা, মিছামিছি যায় বেলা, দেখিতে থাকে না কিছ শেষ॥ যা কিদ্ৰ দেখিবে আজি, সকলি সে ভোতবাজি, কাল আর পাবেনা সে সবে। আজি ধরাপতি যেই, কাল দীনহীন নেই, এই ভাবে যায় দিন ভবে ॥ কত যে ভূপতি স্থতা, কত রপগুণ্মুতা, বিপাকে পড়িয়া ভোগে কত। যোগিনীর বেশে আজি, এই দেখ আছি দাজি. পথে মাঠে ভ্রমি অবিরত॥ প্রথর তারুর করে, স্বেদজল নাহি বারে,

শীতে দেহ বন্টকিত নয়।

নগর অটবী মত, কিবা কাঁট। লতা তক্ত এবে নোরে সকলিত সয়॥ শ্যুনের ক্লেশ নাই, তক্তলে নিদ্রা যাই, একাকিনী বিঘোর যামিনী। ক্ষীর নবনীত নর, ভুলিয়াছি দেশ ঘর, ভলিয়াছি জনক জননী॥ विलट्ड विलट्ड द्वारिश, क्षेट्रिट्स श्रीम द्वार्थ, বহ্নিকণা নয়নে জ্বলিল। ফুলিতে লাগিল জটা, করেতে ত্রিশ্ল ছটা, ঘন ঘন কাঁপিয়। উঠিল ॥ তখন ইভরৰ স্বরে, ভৈরবী নিনাদ করে, শোন্রে পাপিষ্ঠ মুসলমান। বাল্যে বিনাশিয়া পতি, মোর কৈলি এই গতি, মম বাক্য না হইবে আন ॥ हेिंदिर मम्भेष वल, द्रांका यादव देगांडल, বাতি দিতে বংশে নাহি ববে। उट्ड यमि कल इश्न, मिट्ट यमि श्रुका लग्न, ইহার অন্যথা নাহি হবে॥ विल द्वार्य कम्भगांन, यन मार्गामा मृर्खिमांन, যোর রবে হুকার ছাড়িল। खनि म्हे गत्रकन, ज्ञानशैन नातीगन,

দেখি রামা নীরব হইলী

ক্ষণেক নীরৰ থাকি, কোপানল চাপি রাখি, বোক-দোত প্রনঃ বেগে বহিল

যোগিনীর বাক-দ্রোত পুনঃ বেগে বহিল।
আপনার পরিচয়,

পূর্ব্বাপর সমুদয়,

অগ্নিকণা সম রামা বরিষণ করিল॥
ভারকা নগরী কাছে,
সর্পনামে পুরী আছে,

তার অধীশ্বর রাজা সর্পেশ্বর আছিল। নির্মাল ক্ষত্রিয় বংশ, তাহে তেঁহ অবতংশ,

কৃক্ণণে ভাঁহার ঘরে মম জন্ম হইল।
কুক্ণণে সর্পেশ পতি,
মম মনোমত পতি.

অ'নিব'রে স্বয়ম্বরা উপক্রম করিল। কৃষ্ণণে আমার মন

করি ভাঁরে বিলোকন

অম্বারের ভূপতির প্রেম-ডোরে পড়িল॥ স্বয়ম্বরা হয়ে দোঁতে,

যাইতে পতির গেছে,

পথি মাঝে হুফ যবনের হাতে পড়িয়া।
তুমুল সন্ধাম করি,
গতি যান স্বর্গোপরি,

হেরি চিতহার। হয়ে পড়িলাম চলিয়া॥

জ্ঞান পেয়ে পুনরায়, ক্ষির শুকায়ে যায়, গ্রুমারে প্রেড আছি দেশিয

যবনের গৃহ মাঝে পড়ে আছি দেখিরু। হেরে হয়ে নিৰুপায়, পড়িলাম দক্ষ্যপায়,

নানা মতে নানা ছলে নরাধ্যে তুষিরু॥ ফেদিন কেশিল করি, সেই স্থানে কাল হরি,

পরদিন লুকাইয়া ভিকারিণী হইনু। পরে পরদেশে গিয়া, গেক্য়া বদন নিয়া,

এইরূপ যোগিনীর যোগবেশ ধরিরু॥
তদবধি দেশে দেশে,
ফিরিতেছি এই বেশে।

বারাণসী রন্দাবন হরিদার ভ্রমিসু। মানসরোবরভ্রদ

জ্বামুখী পঞ্চনদ, অবশেষে কৈলাস পর্বতোপরি উঠিকু॥ হেরিলাম বৃষভেতে,

শিবশিবা আনন্দেতে,

পাঁষাণ আক্ষতি ধরি বিরাজিত রয়েছে। স্থেথর কৈলাগ থাম, কেবলি রয়েছে নাম,

म्दित्र विভव यक मम्दल एक प्रकार ॥

জগতে পবিত্র স্থান, গিয়াছে তাহারো মান, দে পুরিও মুচ্ছপদ অপবিত্র করেছে। যে খানে পিনাকধাবী, পিনাকে সন্ধান ধবি. অমরের রিপুকুল অকাতরে ব্যেছে, সেই থানে যবনেতে, আরোহিয়া হিমপথে, অভয় হৃদয়ে পার্বতীয় অজা বধিছে। আজি দেই শুন্যময়, टेकलाम नीवत बहु, ত্ব এক নয়র শুধু মাঝে মাঝে জাগিছে। কতবার কলমাম, शानवादमा डाकिनाम, প্রাণীমাত্র তবু তথা নয়নে না দেখির। তথন উদ্দেশ ধরি. শিবদূর্ত্তি পূজাকরি, प्रभाग व्यामाद्य नामि वादानमी हिन्सू ॥ গিয়া আনন্দের ভবে, হেরিব অনাদীশরে,

ভাবি অন্নপূর্ণা পুরে উপনীত হইরু।

দেখি বুদ্ধি হই হারা,

চন্তের কলঙ্কের পারা,
প্রাচীন দেউলভিতে দুর্গা গাঁথা দেখিরু॥

প্রাণভয়ে বিশেশর, দেখিলাম স্থানান্তর,

অন্যপুরী নির্মাইয়া গুগুভাবে জাগিছে। নাহি দে সোণার কাশী, পাষাণের বারাণ্দী

পাষগুলাবিত হয়ে পাপ-জ্রোতে ভাসিছে।
অন্তরে হতাশ হয়ে,
কাশীতে বিদায় লয়ে,

চলিলাম কুরুক্ষেত্রে কত আশা করিয়া।
আদি কুরুরণস্থলে,
আরু না চরণ চলে,

বিদিনু প্রভাসতীরে মনোছুথে ভাসিয়া।
পাপিষ্ঠ যবন নাশ,
করিতে অন্তরে স্থাশ,

পাণ্ডুপুত্র নাম ধরি কতই যে কাঁদিঐ।

সব হৈল অকারণ,

না আইল কোন জন,

তুবেছে ভারত-ভাগ্য তবে সত্য জানিরু॥ তথন বুঝিরু সার, ভূভারতে কেহ আর,

ক্ষতিকুল মহাধর্ম নাহি কিছু লভেছে।
জানিলান বীরবংস,
কুকক্ষেত্তে হয়ে ধংসঁ,
বীরনাম জন্ম শোধ ভূমগুলে ঘুচেছে॥

আজি বুঝিলাম মর্ম. किन क्वियात शर्वा ভারত ভিতরে আর দরশন হয় না। (कन दा यदन मल, ধরে এত বাত্বল. কেন হিন্দু মহিলার কুলমান রয়ন।॥ ভাবতে কনোজ ধান, প্রসিদ্ধ পবিত্র নাম, তুনি সেই কনোজের বংশধর হইয়।। এই ভাবে অকারণে রথা কাল বনে বনে অপচয় করিতেছ রামাগণে লইয়া॥ আদিতেছে কত দূরে, রণবেশে তণপূরে, পাঠান ছুরস্তদল মনে তা ত ভাবনা। কহিলাম সমাচার, (मर्था (यन श्रेनर्कात, অই কামিনীরে মোর মত ছংখী করোন।॥

শুনি যোগিনীর কথা রোমাঞ্চিত কার বিদার-লইয়া বীর কনোজেতে যার॥ অনল শিখরে যেন ধাতুর প্রবাহ। শমন ভবনে যেন দাহন-কটাই॥ ভাবনা অনলে হৃদি তাপিল তেমনি। বনিতা বিপিন হ্রদ ভুলিল তথনি॥ জ্বলিল চিন্তার শিথা হৃদয় ভিতরে। ভত ভবিষ্যং ভাব জাগিল অন্তরে॥ যে ভারতে দেবগণ মানব লীলায়। সুরপুরি পরিহরি করিত আলয়॥ যে ভারতে মহাবল দুরুজের দল। সুর-শরাঘাত-জ্বালা করিত শীতল॥ যে ভারতে দৌরকুল মহাবীরগণ। রাক্ষদ দানবে রূপে করিত দমন ॥ দিলীপ সগর রঘু দশরথ বীর। যে ভারতে রিপুদলে করিত অস্থির॥ य छ। त्रज-वीत्रहम्म-ममत्र-कोमान । দেখিতে বিমানে দেব বসিত সকল॥ সে ভারতে আমা হেন কাপ্তক্ষদল। আজি জনমিয়া ধরা করে রুসাতল॥ এইরূপ বিষময় চিন্তায় মগন। বাছজান বীরবাত্ হারায়ে তথন। বিচিত্র স্বপনে দেখে গগন ভিতরে। বিপরীত নানা ছবি শূন্য আলো করে॥ একধারে নারী এক রহে ভৰুতলে। তাঁরে হেরি রাক্ষদের। অধোমুথে চলে॥ অন্য পাশে একজন যবন ভূপতি। শত হিন্দুনারী ধরি করয়ে তুর্গতি॥

্রকপাশে আথগুল সহ নিজগণ। গাণ্ডীব নিনাদে দূরে করে পলায়ন॥ আর পাশে ডানি হাতে তরবারি ধরি। কোরাণ ধরিয়া বামে রহে এক পরি॥ তাহারে হেরিয়া খত ক্রিয় তনয়। করপুটে পদতলে হেঁটমুথে রয়॥ একধারে যযাতির পুত্র কয় জন। ছ्चार्टिक पृत प्रांक तरह मश्राभित ॥ স্থানান্তরে মেচ্ছদূত করিয়া গর্জন। शिक्ट्र मध्कांत कार्या करत निवांतन ॥ দেথিয়া ছুর্জন্ম কোপ ছলিয়া উঠিল। ঘন দেহ চমকিয়া উঠিতে লাগিল ॥ অন্তরের কোপ তবে অন্তরে চাপিয়া। থাকিয়া থাকিয়া বীর উঠিল কাঁপিয়।॥ যেন গগনের দর্প, বায়ুর নিস্বন। শুনি ধরা ক্রোধভরে করয়ে কম্পান॥ কিস্বা যেন ঘোর মেঘ দাগর-গর্জনে। জানায় আপন দর্প ডাকিয়া সঘনে॥ সেইভাবে বীরবাত ত্ত্তার ধনি। कति (मथा मिल आमि यथा नत्राणि॥ হেনকালে মহাবেগে দৃত এক জন। ज्यिकिंगभीत्य जामि करतं निरंदणन ॥ महाताक मंदिनाम देवती शक्त अल। কর রক্ষা নৈলে রাজ্য রদাতল গেল।

ष्ट्रतुख পाठीन टेमना हजूदक पटल। কালান্ত কালের দৃত সাজি এল বলে॥ সিন্ধরাজ্য শেষ ভাগে কারুলের দেশ। তাহার নূপতি নাম স্বল্ভানবকেশ। তার দেনাপতি নাম আলিমহম্মদ। থেদাইয়া দিনীরাতে নিল রাজপদ॥ লুটিল মথুরাপুরী কুম্পী কলঞ্জর। কান্যত্রত লুটবারে আনে অভঃপর॥ अथटा गमा गांद्य तिथे चांद्य पृत्त । অবিলয়ে লোড়োনা নেখা দিবে গুরে 🛭 শুনি নরপতি মনে বিপদ গুণিল। বুলিহার। মঞ্জিপ ম্যাণা তালিল।। ক্রোধেতে কণিপত দেহ যুৱাজ কয়। একি কাজ মহারাজ সাট্র হয়ে ভর ॥ जनम मकन भीत धना तीव महै। বিক্রামে বৈরির 🖓 খেল করে মেই॥ কিবা হবে নাংন, পিলা এনেত ধরিয়া। देवति यनि यम्धार्मि पारेश श्रविशा ॥ অশীতি বর্ষ প্রাণে হীয়ে কি হইবে। बूदश ग्रुटन मधीज्ञल असीर्ज द्वारित ॥ যবংন করিব আয় ত্রণে মতাশায়। মাহতা কৰুৰ ভৱ নাতিত সংশায় n गातीवन भारतीय सर्व दर्वे स्टाहित गारका बहेन कि जा करत रामित কিন্তু পুরাতন কথা গাঁথা আছে মনে। এক। বীর কত বৈরী বিনাশিল রণে॥ এক। ইব্রু দৈত্যবংশ করিল দলন। একা রঘু বস্তমরা করিল শাসন॥ একা দশানন করে ত্রিভুবন জয়। একা রামবাণে দশানন-কুল লয়॥ এক। কুৰু ভূমণ্ডলে একছত্ৰ কৈল। এক। পার্থ লক্ষ্য ভেদি পাঞ্চালী হরিল॥ বীর্ষা যার ধরা ভার বিধির নির্ণয়। कांटल इस कांटल इक्ति कांटल भाग करा। তুৰ্জ্য় পাঠান বড় তুরন্ত হইল। অটল দৌভাগ্য বলি অন্তরে ভাবিল। হস্তিনা মথুরা কুম্পী আদি কালিঞ্জর। লুটিয়া কনোজ লোভে আদে অতঃপর॥ কেন রে'করিস দস্ত রবে না এ দিন। দ্বিপ্রহরে মেঘে তুর্যা কখন মলিন॥ কথন প্রবল নদ শুকাইরা যায়। কভু উচ্চগিরিচুড়। ভূতলে লুটায়॥ শতগিরি-অবলম্ব-ভূমি কম্পে কভু। শতমূল বটরক ছিল্লমূল কভু॥ জলবিন্দু পার্যাণে কথন করে ভেদ। মহা পর†ক্রান্ত রাজ্য কথন উচ্ছেদ॥, পবিত্র কনোজপুরি ক্ষত্রিয়ের বাস। তাহারে লুটিবি বলি করিলি রে আশ। তবে ত পুৰুষ আমি বীরবাত্ নাম।

তবে ত প্রাদিদ্ধ পুরি কনোজেতে ধাম

তবে মম রণবীর প্রিরেদ জনম।

তবে ধরি বাত্বল বীর্যা পরাক্রম

মহারাজ শ্রীচরণে এই নিবেদন।

পরিজন সকলেরে করুন পালন

রণক্ষেত্রে গিয়া শক্র করিব নিধন।

সত্য সত্য এই সত্য করিলাম পণ

হেরি বীরবাত্ দর্প প্রক্রের সকলে।

রাজ আজ্ঞা পেয়ে বীর রণবেশে চলে ।

সেনাপতি পদে বীর হইল বরণ।

শুনি " ক্রেয়ে মুবরাজ " নাদে সেনাগণ ।

নাহিক ভয়ের লেশ,
করিয়া সমর-বেশ,
রাজস্ত হেমলতা,-ঘরে গিয়া ভেটিল।
প্রেয়ি বিদায় চাই,
সমর জিনিতে যাই,
বলি বীরবর প্রমনার কর ধরিল।
পতি রণমাঝে যান,
আকুল রমণী-প্রাণ,
কতই বিষম ভাব উথলিল হৃদ্যেন।

শুখাইল তরুলতা, শোকভরে অবনতা;

শশধর লীন যেন হয় রাক্ত উদ**রে ॥** ধরিয়া পতির হা**তু**, কি কব হৃদয়নাথ,

কঠিন ক্ষতিয়কুলে নারী-জন্ম ধরেছি। মায়া মোহ পরিণয়,

উজ্জাপন সমুদয়,

ক্ষতিয় **ধর্মে**র লাগি জন্মশোধ **করেছি।** যবনে নাশিতে যাবে, জগতে সুযশা পাবে,

এমন দময়ে নাথ কি বলিব তোমারে।
মন বোঝেনা ত তবু,
প্রাণ কেঁদে উঠে কভু,

কভু ওঁবসনে যেতে বলিতেছে আমারে॥ গভ নিশি ছঃস্বপন,

করিয়াছি দরশন,

তাই প্রাণনাথ প্রাণ আকুলিত হয়েছে। তাই নাথ এতক্ষণ,

না করিয়া আলিজন,

অবশ ছইয়া মম বাত্মুগ রয়েছে।

গত নিশি শেষ্যাদ, অলকণ দেখিলাম,

ভাবিলে শোণিত-বিন্দু দেহে আর রয় না

তোমারে হৃদয়ে লয়ে, জলনিধি পার হয়ে.

পলাতে বাসনা যেন কেছ দেখা পায় না॥ দেখিকু ময়ুরী হেরে,

ময়্র যেমনি ফেরে,

অমনি নিদয় ব্যাধ থর শর মারিল। ফুটাইতে ফুল কলি.

(यह (मथा मिल जलि.

সমনি প্রলয়-বায়ু হুতুকরে বহিল॥ ফেই "বারি বারি " করে,

চাতকী কাতরস্বরে,

উঠিল গগনোপরে অমনি সে মরিল।

বিনা মেঘে বজুাঘাত

হয়ে শিরে অকন্মা 🛶

मिटे शाथी जूमिज्दल लूपेडिश शर्फिल ॥

বিশাল তকর পাশে,

তৰুলতা খেয়ে আ'শে,

হেনকালে কাঠুরিয়া দেই তব্হ কাটিল। কমলিনী বারীপরে,

ষেই থোলে রবিকরে,

অমনি সে কাল মেঘ আদি ভানু ঢাকিল। আবো কত অলক্ষণ,

দেখিলাম অগণন,

न। जानि कशांत विधि किया निशि निर्थिष्ट

বুঝি লীল। সমাপন, ব্ৰত হলো উজ্জাপন,

মোর প্রতি কোন দেব বুঝি কোপ করেছে #

যা হবার হবে তাই,

আজ্ঞাদেহ সঙ্গে যাই,

তব অনুগামী হয়ে রিপুকুলে নাশিব। অথবা তোমার সনে, মুঝিয়া সমুখ ২০০,

ছুই জনে একেবারে স্কালোকে পশিব # শুনি খেদে মহাবীর,

ভাবিয়া করিয়া স্থির,

অবশেষে অঙ্গুলির অঞ্গ্রীয় প্রুলিয়া।
" কি জানি কি হবে রবেণ দেখে। প্রিয়ে রেখো মনে, "

প্রাইলৈ প্রমদারে এই কথা বলিয়া ॥ সময় বহিয়া যায়,

দিনের সংক্ষেপ তায়,

নিকপায়ে মুবরাজ রণমুখে চলিল। কাঠপুতলির ন্যায়, যেই দিকে স্থামী যায়,

হেমলতা এক দৃষ্টে সেইদিকে রহিল ।

নেনা লয়ে বীরবাত হয়ে অথাসর। নেপালের পথে আসি রহিল সত্তর॥ প্রদিন অপরাহে রিপু দেখা দিল। मग्राथीन ममूनांत्र (मिन्नी छ। किल॥ অর্দ্ধচন্দ্র-শোভা নীল পতাকা উড়িল। যোজন ব্যাপিয়া শক্ত শিবিরে ছাইল ॥ ক্রমে দিবা অবসান স্থ্য লুকাইল। আঁধার বিছায়ে নিশি আকাশে বসিল ॥ অমর আলায়ে সিদ্ধা সন্ধ্যা দিল ঘবে। অমনি তারার আলো ধিকি ধিকি কবে ॥ দ্বিতীয়ার চন্দ্রকলা ঈষদ্হাসিল। জ্যোৎস্মা-আলো পেয়ে দশ দিক প্রকাশিল। बीवबाल देवदीशक कविएक वीकन। হিম্বিরি শুঙ্গোপরি কৈল আরোহণ ॥ প্রকাণ্ড-প্রকৃতি দেখে যবনের দেন। i শিরেতে ধবল বাস যেন ভাসে ফেনা॥ व्यवर्ग कुछल (मारल करत भातामन। পৃষ্ঠে তৃণ কটিতটে রুপাণ বন্ধন॥ হেরি মনে মনে বীর ভাবিতে লাগিল। ভারতের পর্বকিথা শ্বরণ হইল ॥ কেশরি-নিদাদ-স্বরে গর্জিয়া তথন। বলে কোথা কার্ত্তবীর্ঘ্য রহিলে এখনী কোথার গাভীবখারী পাত্তর-প্রধান। কোথ। ভীন্ম, দ্রোণাচার্য্য, কর্ণ মতিমান ।

কোপা অভিমানী মহারাজা ছুর্য্যোধন। বারেক কটাক্ষে হের হস্তিনা ভবন॥ বে ভবনে রাজস্থা যজ অধিষ্ঠান। সেই পুরি আজি জয় কৈল মুসলমান॥ তবে রে যবন ভোর নিকট মরণ। স্ববংশে আমার শবে হইবি নিধন॥

পূর্বদিকে প্রভাকর, বাজিল ছুদ্দুভিস্বর, त्र त्र प्रशास्त्र अञ्चर्षाय नानिल। ভাঙ্গিল আকাশ-খণ্ড, রুণভূমি লণ্ডভণ্ড, তাল ভাল শ্ররাশি প্রভারাশি চাকিল ॥ ममकक दृष्टे वल, इकारत मिनात पल. হিন্দু মেচ্ছ রণরব একঠাই মিলিল। মেচ্ছ "নহন্মদ" ডাকে, " হর হর " হিন্দু হাঁকে মহাক্রোধে ছুই দল সমরেতে মাতিল ॥ ভাষায়ে ছুকুল যেন, निक कूटि शांत्र द्यन, रीतभन महामुद्ध त्वर्ग आमि मिलिल।

ঘোটকে ঘোটক সঙ্গে,

বার্থে বার্ণে রক্ষে,

পদাতি ধাতুকী ঢালী দেব। যারে ঝাঁকিল। যোজন বিস্তার বন,

অনলে করে দাহন,

বিশাল রক্ষের কাও ধরণীতে লুটে রে। অথবা নিদাঘ কালে,

ঢাকিয়া আঁধার জালে,

বায়ু পথে ঘন-ঘোর যেন রণ করে রে॥
অথব। জলধি-জল,

वृष्टिक। कतिरल वल,

হত্ত্বার নাদ ছাড়ি তীরেতে আছাড়ে রে। রণভূমি টল টল,

হেন তেজে যোবে বল

সমকক্ষ ছুই পক্ষ কেহ কারে নারে রেঁ॥ বেলা অপরাহ্ন হয়,

তরু রণ ভঙ্গ নয়,

মরি বাঁচি পণ করি মহাযুদ্ধ করে রে। হেন কালে বৈরিপক্ষ,

করিয়া করিয়া লক্ষ্য,

বীরবাহ্ছ-বক্ষদেশ বাবে বিদ্ধা করে রে॥
সেনাপতি মূর্চ্ছণ যায়,
সেনাগণ ভয় পায়,

আরো পরাক্রমে রিপ্র একেবারে ঝাঁপে রে।

দহিতে না পারি রণ, ভঙ্গ দিল দৈনাগণ, জয় মহম্মদ বলি রিপ্রদল হাঁকে রে॥

গ্রন্থিল পাঠান-দৈনা সমর জিনিয়া। ষেন বিষধর গভেজ দংশন করিয়া। মদগর্কে মাতোয়াল পাঠান চলিল। রাজধানী সন্নিধানে আসি উতরিল। সমাচার পেয়ে রণবীর সাজে রণে। যুঝিতে প্রাচীনরাজ। চলে প্রাণ পণে। অবশিষ্ট দলবল সংহতি করিয়া। কান্যকুজ প্রভোগে রহেন আসিয়া। क्रमभ शांठान टेमना व्यामिश यू जिल। হিন্দু মেচছ বীরগণ হৃঝিতে লাগিল। कार्था शांठाम-रमना व्यत्त उद्योग। হিন্ দৈন্য ভগ্নেষ অন্তরে হতাশ। তরু রণে যমদূত সমান মুঝিল। विशक समाद पल विख्य विश्वन সহিতে না পারি শেষে বিমুখ হইল। नशत आहीत गरश शिया लुका हैल । পাঠান মাতিয়া আরে। প্রাচীর ঘেরিল। ধরিতে কনোজ-রাজে সন্ধান করিল। হেথ। কানাকুজগতি জ্বালি চিডানল। निवाहेल त्यांक छा । मकल कक्षाल ॥

বীরভার্য্যা বীরকন্যা হেমলতা নারী। চলে তাজিবাবে দেহ লয়ে সহচরি॥ শুনি নগরের লোক চলিল সকলে। আবাল বনিতা রন্ধ। পড়িল অনলে। ী স্বারিয়া পিতার পদ স্বারি প্রাণনাথে. বাঁপে দেয়, ছেনকালে কেহ ধরে হাতে # किर्द्ध (मृद्ध विस्तामिनी पूत्र शार्रात । হেরিয়া পড়িল ভূমে হারাইয়া জ্ঞান॥ व्यानत्क शांठान देमना जग्रधनि मिल। সুল্তানে ভূষিতে সঙ্গে করিয়া চলিল # জ্ঞান পেয়ে রাজস্থতা মরমে মরিল। মানভয়ে বিনোদিনী কাঁপিতে লাগিল ॥ রাত্তর তরাসে যেন আকাশের শশি। নিবাদের ভয়ে যেন মুগী বনে পশি # ছঃশাদন করে যেন জ্ঞাদকুমারি। জনকত্বহিত। যেন র্থে রাঘবারি॥ সেই ভাবে কাতরে রোদন কার ধনী। তাহে উগাটত মন। ভাবি গুণমণি ॥ প্রোণনাথ কার সাথে কোন পথে রয় সেই কথা হেমলত। মনে সলা হয়॥ ভাপে তনু জর জর বার বার আঁথি। ব্যাধের জালেতে যেন কাননের পার্থী শরীর বেড়িয়া ফণি উঠিলে বুকেতে। যেন শীর্ণ দেহ হয় মনের ছথেতে।

ভয়েতে মুদিত আঁখি মলিন বদন। कारण उष्ठाश्व, गण भाख्य वदन ॥ সেই রূপ অবয়ব ধূলায় ধূসর। দিলীরাজ পরে সতী কাঁদে উচ্চস্বর ॥ কোথা মাতা. কোথা পিতা, কোথা প্রাণনাথ। হেমলত। শিরে হেথা হয় বজাঘাত॥ কাল-ভুজঙ্গেতে তারে করে গো দংশন। সতীত্ব হরিতে চায় তুরাত্মা যবন॥ কেন নাথ অভাগীরে ফেলি চলি গেলা। এজনম মত ফুরাইল থেলাদেল।॥ মা বলা কুরালো মাগো জনম মতন। এই বার হারালে ম। 'অঞ্চলের ধন'॥ হয়ে রাজকুলবধু রাজকুলবালা। পেয়ে বীরবর পতি এত হলো জালা ॥ হায় বিধি এত যদি ছিল তোর মনে। কেন রে জনম দিলি ভূপতি ভবনে॥ क्ति कार्डालिशो कमा ना कर्तिल এरत। যদি ছিল এত দাধ ফেলিবারে ফেরে॥ যদি রাজকুলে মোরে করিলি স্জন। उक्र **आ**ना मिरत विङ्क्ति कि कार्रा ॥ क्त खा कुछ दाशी ना करिति crita। হেন পোড়া রূপ দিতে কে বলিল ভোরে॥ কেন ধীর বীর পতি দিলি অমুপম। কেন মজাইলি শেষে বিপাকে বিষয়॥

একান্ত করিয়া অন্ধ না গঠিলি কেন।
তবে কি সহিতে হত যন্ত্রণা এমন॥
অনায়াসে নরাধম চোরে ভজিতাম।
দাসীভাবে অনুগতা হয়ে সেবিতাম॥
ভুলিতাম মাতা পিতা পতি পরিজন।
হায় পুনঃ না দেখিব সে সব বদন!
না শুনিব জননীর আদরের বাণী।
হায় বুঝি এতক্ষণে ছেড়েছে পরাণি!
কেলণা করিয়া আদি কহ ছুটি কথা॥
অমৃত পূরিত ভাষা করাও প্রবণ।
বারেক হেরিব তব হিমাংশু বদন॥
বারেক হাদয়ে থুয়ে সে কর কমল।
এক বার নাথ বলে ভাকিব কেবল॥

এত বলি ধিরে ধিরে,
তিতিয়া নয়ন নীরে,
পতিপ্রাণা সতী, বিষ অধরেতে তুলিল।
অরে নরাধম অরি!
তোর ক্রোধ হেয় করি,
এই দেখু তোরি ঘরে তোরি বন্দি মরিল॥
পান করে হলাহল,
আর কি করিবি বল,
কেমনে পামর আর ছরাকাজ্ঞা সাধিবি।

-

ষে রক্ত মাংসের তরে, অবলা আমিলি ধরে,

এবে তার শবাকার দেখি ভরে পলাবি ॥ চক্ষু কর্ম নাশা আর, সর্ব্যক্ষ হইবে চার,

ধান কত সাদা সাদা হাড় শুধু দেখিবি। দেই নেত্ৰ নীলোৎপল,

সে অধ্র বিষ্ফল,

সেই নাশা সেই কর্ন সে বদন বিমল। সেই পীন পয়োধর, সেই নিত্রের ভর,

সেই মৃদ্ধ বাত্লত। করতল কোমল॥
জিনির। নবনী দর,
সেই যে সাংদের থর

সেই চাৰু রূপছট। শশধর গঞ্জনা।
সেই কেশ সেই বেশ,
কিছুই না রবে শেষ,

ঞ্টিকত কীটাপুরে করাইবে পারন। ।
তবে কেন রথ। ছায়া,
লাগিয়া করিদ মায়া,

দিন্ত জন্যে এত বাড়াবাড়ি ভাল না। তোরে! ত হইবে নাশ, যেতে হবে যগ পাশ,

ट्य पिन विद्यान कञ्च कार्या गर नः

- ভাৰিয়া তাবিয়া, গরল লইয়া, ছুতলে বদিয়া, উদাদ মনে;
- उनदा प्रियाः अभिया अभिया, काँनिया काँनियाः, विवयान्ताः,
- বৈলে শিলাময় যত গেহচয়, করি অসুনয়, ছাড়িয়া দাও !
 - ছেড়ে দেহ দার, ঘোর অন্ধকার, হয়ে অগ্রসর, অর্থ্যে যাও॥
 - শৃদ্ধী নথী সনে, একারব বনে, তরু এ সদনে রব না আর।
- বিকট সাপিনী, করিয়ে সঙ্গিনী, রব একাকিনী, কি ভয় তার॥
- গো মেষ চরাব, মাঠে মাঠে যাব, ভিক্ষা মাগি থাব, ভূমিব বনে।
- এ যমপুরিতে, পরাণ ধরিতে, নারিব থাঁকিতে, রাখিব ধনে॥
- অহে শশধর! ভাবিয়া কাতর, বল হে সত্বর, কোথায় যাই।
- অরণ্যে ভূত**লে, কিম্বা বহ্নি জলে, দেহ যুক্তি বলে,** কোথা পলাই॥
- অহে লিপিকর! দিয়ে বংশধর, শেষে বিষধর অক্ষে সপিলে।
- অতি ছুরাচার, ধর্ম নাহি যার, হাওঁ দিয়ে তার, প্রাণে বধিলে॥

5

त्काथा मन्य मारम, शिक्षा मत्मालारम, विम পতি পार्षाः हाँदम दम्थाव ।

কোথা দিবা নিশি, একাসনে বসি, লয়ে স্কৃতশশি, দ্যোহে থেলাব॥

কোথা অন্ন দিয়ে, বুকে করে নিয়ে, পতিকোলে ধুয়ে হৃদি জুড়াব্।

করি অতিবাদ, তাহে সাধে বাদ, হয়ে সেই সাধ। কি সে পূরাব॥

অরে প্রজাপতি ! তোরে করি নতি, আর এ**ছ**র্গতি. মোরে দিম নে।

উন্নাদিনী করে, নেরে জ্ঞান হরে, আর এত করে জ্বালাইসনে॥

এত বুলি চিতহারা, থানা চাঁদখানি পারা,
হরে হেমলতা ভূমে পড়ে।
হেনকালে দোদামিনী, স্বরূপা কোন কামিনী,
ক্রোড়ে করে আমি উভরড়ে॥
যেন কোন রাহীজন, পথি মাঝে দরশন
করি মণি সমতনে লয়।
ঝেড়ে ফেলি গুলিগুলি, বাদে বাধি রাখে তুলি,
যায় যায় পুনঃ নির্থয়॥
নেইরূপে দেই নারী, মুছায়ে নয়ন বারি,

অনিমেয়ে মুখপানে চায়।

নাহি নড়ে নাহি চডে, নেত্রে না পলক পড়ে, একভাবে বদে রহে ঠায়॥ সেই নারী কোন জন, কেন তথা কি কারণ, কি জন্য দে এত শোকময়। ভাবে বুঝি দেহ ধনি, হবে চরিকরা মণি, ইথে কিছু নাহিক সংশয়॥ ना इत्ल दूरथत दूथी, अठ तम मिलन मूथी, হবে কি কারণ তার তরে। ঠেকে শিক্ষা করে যেই, সার-এহ করে সেই ভাদশ না পারে অন্য পরে॥ কিবা শোভা দিল ভায়, বাক্যে নাকি বলা যায়, কোকনদে শেতপদ্ম যেন। অথবা চপলা-ছাঁদ ঘেরিয়া গগন চাঁদ অচল (হইয়া রহে যেন॥ ছুটি ফুল কাছে কাছে, একটি তার শুথায়েছে একটি উদ্ধ একটি অধোভাগে। ছায়া পড়ি ছুটি কালো, তার মাঝে কিছু আলো পড়িয়াছে এক্টি অথা হাংগ। महिताल हुई छन, এর কোলে অন্য জন কভক্ষণ সমভাবে যায়। মেঘচাপ: চাদ যেন, থারে ধীরে ফুটে হেন, হেমলতা দেই ভাবে লাল্ল एएटथ **एटक वटर वा**ति, अटनने अटनक नाती.

কোলে করি অনিমেষ রয়।

'চিনিতে না পারি তারে, চেয়ে দেখে বারে বারে, মন রঝি মেই নারী কয়॥

স্থি নাহি ভয়, আমি ভিন্ন নয়, তব ভগ্নী সমা জেনো আমারে। পিতা রাজ্যেশ্বর দিল্লী-মহীধর. আমি ভাগ্যফলে ভঞ্জি ইহারে॥ বণে করি জয়, সোবে ধরি লয়, এই ছুরাশয় মোরে ছলিল। ধর্ম করি নফী, করি জাতিভ্রমী, শেষে দাসীভাবে ঘরে রাখিল॥ শুনি আরবার বাজা করি ছার, কোন রাজকন্যা পুনঃ হরিল। মনে ব্যাথা পেয়ে, তাই একু ধেয়ে, ভাবি কার ভাগ্য প্রনঃ ভাঙিল ॥ পরে দেখি মুখ, विদরিল বুক, পূৰ্ব্বকথা যত মনে পডিল। তাহে চমৎকার. তব বাবহার. पि**चि कू**ङ्हल आदिश वाड़िल॥ তুমি যতক্ষণ, সেই ছুফ্ট জন, काटक कर यां फ करि का मिटल। कर्ज निवा नित्न, कर्ज त्याहितन, (भारत चाकि कम विल शाहित ॥

আমি ততক্ষণ, হয়ে অদর্শন,
গৃহমাঝে থাকি সব দেখেছি।
পরে যোগ পেয়ে, আদিয়াছি ধেয়ে,
অন্তরালে থাকি সব শুনেছি॥
শোবে কোলে করি, এই আছি ধরি,
আজি হতে স্থি তব হয়েছি।
আমি ভাগ্যবতী, কারে বলে স্তী,
অদ্যাবধি তাহা ভাল জেনেছি॥

বিজন অরণ্যে যেন স্বজন মিলিল।
বালুকাবিকীর্ণ ভূমে সরসী মুটিল॥
তাদৃশ প্রসন্নমতি তেয়াগি ভূতল।
উঠে বৈদে হেমলতা দেহে পেয়ে বল॥
জুড়িয়া মুগল পাণি সজল নয়নে।
হেমলতা কয় কথা কাতর বচনে॥
"দয়াময়ি তব কাছে এই ভিক্ষা চাই।
কি উপায়ে বল তার কাছে রক্ষা পাই॥"
শুনি দিল্লী-মহীপাল-তনয়া কহিল।
অক্রনীরে ছ্রনয়ন ভাসিতে লাগিল॥
বলে স্থি কুলমান গিয়াছে স্কল।
ভিজ্য়া যবন-রাজে পীয়েছি গরল॥
আজি সেই তাপ, স্থি, শীতল করিব।
দিয়াছি আমার ধর্ম তোমার রাথিব॥

মম বাক্যে অনাদর বুঝি বা না হবে।

চুরি-করা ধন বলি বুঝি বাক্য রবে॥

যাই দেখি একবার মেুচ্ছরাজ পাশে।

বুঝিব আমায় ভাল বাদে কি না বাদে॥

এত বলি দিল্লীপতি ছুহিতা চলিল।

ভাসি মেুচ্ছ মহীপতি কাছে দেখা দিল॥

দূরেতে আদিছে হেরি, আর না সহিল দেরি শশব্যস্ত পাদসাহ পথিমাঝে ভেটিল। " একি ভাগ্য আজি মোর, নিজে ধরা দিল চোর." বলি রুমবতী-ছাত রুমভাবে ধরিল ॥ " যেব। চোর সাধু সেই, মনে মনে জানে দেই, কেন মিছে নারী ভাবি কর মোরে ছলনা। একি শুনি অপরপ, ওহে চতুরের ভূপ, পেয়েছ নবীনা নারি মোরে না কি চাহনা : ्रम शास्त्रीक दल प्रिथि, डिमाम श्राह दि कि, হেন মতি কি কারণ ভুলিতে কি পারনা ? এত দেবা-দাসী রয়, তবু তাহে নাহি হয়, কেন প্রনারী তবে কর এত বাসনা ? কেন পিতামাতা মনে পীড়া দাও প্রিয়জনে, · 🚁 न. थङ मडी मात्री मत्न (म अ (वमना ? কেন দাও এত তাপ, কেন কর এত পাপ, নারীবধ কত পাপ মনে তা কি জান না॥

"হেমলতা নামেশ্বারে, রাথিয়াছ কারাগারে, বিষপানে মরে দেই মনেতে কি ভাবনা। একে অতি দতী নারী, তাহে গর্ভ ভরে ভারী, তরু দে রমণী তরে কিছু দয়া হয় না॥ শ পেয়েছ রাথ তাই, অতি লোভে কাজ নাই, দিল্লীরাজ পাটে বদে কুমন্ত্রণা ভেব না। আমার বচন ধর, তাহারে মোচন কর, অতিশয় কোন কর্ম কোন কালে ভাল না॥"

মুপ্ত ব্যাত্র যেন আমিষের গন্ধ পেলে।
কালসর্প শিরে যেন.পদাঘাত মেলে॥
পতক্ষ যেমন শোভা করি দরশন।
ভোলা কথা মনে হলে উন্মাদ যেমন॥
শুনিয়া পাঠান-রাজ চমকি তেমতি।
আকুল নয়নে চায় কামাতুর মতি॥
বলে কোথা আন তারে দেখিবারে চাই
পেয়েছি নবীনা নারী ছাড়ি দিব নাই॥
মকক বাঁচুক আর যা ইচ্ছা ককক।
পেয়েছি স্থার ভাগু নিবারিব ভুক॥
জানে না স্লেতান আমি বিজয়ী জগতে
তিলার্দ্ধ রাথিনে স্থান এই ভূতারতে॥
আমি তারে কত করে আপনি সাম্বিস্থা।
অবশেষে হাতে ধরা স্বীকার করিলু॥

শমবাকো অবহেলা করে দেই জন।
দেখিব কেমনে তারে রাখে কোনজন॥
অনেক সাধিয়া শেষে শান্ত্রনা করিল।
তথাপি আসত্তি-কোপ ঘুচাতে নারিল॥
বিস্তর কাঁদিয়া, করি বিস্তর সাধনা।
অবশেষে এই মাত্র পূরিল কামনা॥
যে অবধি হেমলত। প্রসর না হবে।
দে অবধি দাসীভাবে পূপোদ্যানে রবে॥

এ দিকেতে বীরবর, মহ: অরণ্য ভিতর,
চেতন পাইয়া চক্ষু চান।
অতি ভীন দরশন, বিজন গহন বন,
চারিদিকে দেখিবারে পান॥
শোণিতে লেপিত বাস, নয়নের জ্যোতি হ্রাস,
শরাঘাতে দেহ অবসান।
হৃদয়ে বাবের ফলা, ভাঙিয়া পড়েছে শলা,
তরু বীর ভালে না বিষাদ॥
নাহিক ত্রাসের লেশ, ধরিয়া শরের শেষ,
টান দিয়া তুলিয়া ফেলিল।
কোথায় বিপক্ষ দল, কোথা আপনার বল,
কুন তথা ভাবিতে লাগিল॥
হেনকালে দেখে চেয়ে, নিজ অশ্ব আনে ধেয়ে,
সংখামের সাজ পরিধান।

শরীরে শোণিত ঘর্মা, হেরিয়া বুঝিলা মর্মা, এই মোরে ইকল পরিত্রাণ॥ রণভূমি পরিহরি, আমারে পুষ্ঠেতে করি,

ৃত্যশ্বর আদিয়াছে বনে।

এই কথা বীরবর, দ্বির করি তার পর, ভাবিতে লাগিলা মনে মনে॥

কোন পক্ষে হইল জয়, কোন পক্ষে পরাজয়, সমাচার কিছুই না পাই।

বলি অধে করি ভর, চলিলেন বীরবর, দেখেন সংগ্রাধে কেহ নাই॥

তথন কাতর মন, গেন দ্রুত সমীরণ, চলিলেন ধাইয়া নগরে।

দেখে যত গৃহদ্বার, হইয়াছে ছারথার অগ্নিকুণ্ড জ্বলে পূধূসকে॥

অসহ শোকের ভার, সহিতে না পারি আর. বীরবর কহিল কুপিয়া।

ভাল আশা করিলাম, ভাল দেখা পাইলাম বড় মাদ মিটিল আদিয়া॥

করিয়া বিপক্ষ নাশ, আদিব প্রেয়দী পাশ, পুরাৰ পিতার মনস্কাম।

মুচিল মে অভিলাষ, লাভে হৈল বনবাস, লাভে হতে ভার্য্যা হারালাম¶

এই কি ঘটিল শেষে, প্রবেশিয়। এই দেশে, মমপত্নী যবনে হরিল। করিতে হেলায়ে শুগু, উপাড়িয়া তরুকাও,
দশনেতে লতিকা ধরিল ॥
আরে নিদারুণ চোর! দে জন কি করে তোর?
দে যে নারী অবলা ললনা।
দে যে অতি নিরমল, কোনল কমলদল,
তারে কেন দিলি রে বেদনা॥
দিল্লী জয় করে তোর, এত কি বাড়িল জোর,
মোর প্রিয়া করিলি হরণ।

তবে ক্ষতি স্কৃত হই, সত্য সত্য সত্য কই। এবে তোর নিকট মরণ॥

^{্ত}অস্থি মাংশ হতদিন, দেহে রবে তত দিন, তোর মুফু করিব সাধন।

প্রমদার বিষোচন। যবনকুল নিধন, অদ্যাবধি এই মম পণ॥

কিবা জলে কিবা স্থলে, কিবা বলে কি কৌশলে, তুই ব্রত সংকল্প আমার।

আজি কিছা প্রনিন, কিছা অন্য কোন দিন, প্রিচয় পাবিরে ভাষার॥

স্বদেশ করিলি জয়, তাহে আর থাকা নয় ভাতে প্রিয়া বন্ধ তোর ঘরে।

. এই দেখ অদ্যানধি, ভ্রমিব গিয়া জলধি.
দুদশত্যাগী হব তোর তবে॥

অপ্পদিনে পাবি টের, কোন কর্মে কিবা কের, জ্যানিবি রে প্রক্য কেমন। থাক্ নিয়ে ধরাতল, আছে রে বারিধি জল,
তাহে তরি করিব চালন॥
লক্ষ তরি তাদাইব, মুেচ্ছদেশ মজাইব,
বাণিজ্য করিব ছার থার।
ভোর দিংহাদন পাত, মেুচ্ছ কল ভ্রমদাৎ,
প্রেয়দীরে করিব উদ্ধার॥

ক্ষেদ করি বীরবর উঠিলা তরণী। কলিত্র রাজের রাজ্যে চলিলা তথনি॥ अखरतत देगमा लाख श्रम याव तरन । कलिक উদ্দেশে চলিলেন এই মনে॥ গলানীরে তরিখানি ভাগিয়। ভাগিয়।। গঙ্গাদাগরের জলে পড়িল আদিয়। ॥ মোচা থোলাথানি যেন ভাষ্টে দেই ভুৱি। তাহে চাপি বীরবাত নত শির করি # চূৰ্কৰা কৰী যেন ভগ্নছুড়া শীলা। অধোশির হয়ে বীর ভে্মট্রে রক্ট্রিয় কতক্ষণ লুকাইয়। হৃদয়ের ভারু। প্রকাশি কাতরে শেষে কহেন কুমার॥ এই কি কণালে ছিল জগনানা। ভূমি। আমি হৈত্ব দেশত্যাগী বন্দি হৈলে তুমি 👢 রত্বগর্ভা ভূমি ভূমি জগতের সার ৮ কত নদ হ্রদ গিরি তব অলঙার॥

উচ্চ হিমগিরিচুড়া হিমানী মণ্ডিত। গর্ককরি ছির বায়ু করিছে খণ্ডিত। অৰুণের রথরোধ কারী বিদ্ধাগির। অগন্ত্য ঋষিরে শিরে নোয়াইছে থিরি॥ গোমুখী বাহিনী গঙ্গা যমুনাতে মেলি। দিবা রাতি কলনাদে করিতেছে কেলি। নর অংশে জন্ম সেই রামনারায়ণ। ভোমারে জননী ভাবে করিলা পালন॥ তোমার দেবার পঞ্চপাণ্ড ছিল রত। পুজিল তোমায় রাজা বিক্রম আদিত॥ অমর বাল্যীকি ঋষি সুমধুর স্বরে। রাথিয়াছে তব যশ ত্রিভূবন ভরে॥ বেদব্যাস মহাঋ্যি ভারত বচিয়া। প্রচারিলা তব নাম জগত জুড়িয়া ॥ সরস্বতী বরপুত্র কবিকালিদাস। তব যশ রঘুবংশে করিল। প্রকাশ ॥ ভবভূতি তবনাম অনাশ্য অক্সরে। গাঁথিয়া থুইয়া গেছে মানৰ-অন্তরে॥ এবে সেই দেশমানা ভারত বক্ষেত্র। মেচ্ছকুল পদ দলে নির্থি চক্ষেতে॥ বুচিল মনের দাধ জনম মতন। তাভিল নিজার ঘোর ভাঙিল স্থপন। যবনে করিয়া ছম তোমার মোচন। কত দিন মনে মনে করিলাম প্র।

পুনশ্চ হিন্দুর রাজ্য স্থাপন করিব। পুনর্বার অলঙ্কারে তোমারে তুষিব॥ পুনঃ নির্মাইব পুরি যত হৈল গত। গঙ্গা যমুনার ভীরে ছিল যত যত॥ বিজ্ঞয় ছুন্দুভি পুনঃ হরিষে বাজাব। ভারত জাগিল বলি ভূতলে জানাব # হায়! আশা ফুরাইল জনম মতন। अमृत्ये आहिल भित्य कलिश जमन ॥ মনোহর নব-ছুর্বা-কোমল আসনে বিদি আরু না দেখিব শোভিত গগনে ॥ তরল তরঙ্গা কল-নাদিনীর তীরে। व्यात ना मूड़ांव हक्कू जिमिव ना किरत ॥ নবীন পল্লব ছায়া ওলেতে বসিয়া। আর না শুনিব গান হরিষে ভাসিয়া # বিদায় জনম ভূমি জনম মতন। ে বিদার ভারত-বাসী স্বজাতীয় গণ॥ বিদায় জননী তাত পুরবাদী জন। বিদায় জনম শোধ প্রাণের রতন ॥ জীবিত আছু কি প্রিয়ে ভাব কি আমারে। কোন ভাবে কার কাছে রেখেছে ভোমারে॥ थिक् **क** जिक्रल थिक् थिक् मम नाम। পতি হয়ে নারীরকা কার্যা নারিলার্ম। একে শক্ত তাহে মুক্ষ্ তাহে প্রাণপ্রিয়া। क्यान धतिक कांत्रा **कां**निया श्रीनश्रा ॥

B

হে বঞ্চণ কেন মোরে পাতালে না লহ

জীবিত রাখিয়া কেন দহন করহ ॥
কোথায় লুকালে বজু অহে স্বরপতি।
নরাধম শিরে হানি বিনাশ স্কৃতি ॥
দ্রব হ রে মাংসপিও চূর্ণ হ রে হাড়।
অথবা সর্বাঙ্গ দেহ হয়ে যা পাহাড়॥
বলিতে বলিতে বীর ঢলিয়া পড়িল।
যেন বজাঘাতে দীর্ঘ তরু উপাড়িল॥
একাকি জলধি জলে তরিতে শুইয়া।
তরঙ্গ বেগেতে তরি চলিল ভাসিয়া॥
সমস্ত রজনী জলে ভাসিয়া ভাসিয়া।
অক্রণ উদয়ে কুলে লাগিল আসিয়া॥

কূলে উঠি বীরবর পান সমাচার।
সেই ত কলিজনেশ কলিজরাজার ॥
সমাচার পেয়ে তবে চলিলেন বীর।
সেন রাহুগত ভারু ক্রোধেতে অধীর॥
গিয়া শশুরের পদে করি নমস্কার।
নিবেদিল পুর্ব্বাপর যত সমাচার॥
শুনি ক্রোধে কম্পারান কলিজভূপাল।
ফুলিয়ৢ তিলা যেন কালান্তের কাল॥
তথনি অমাতাগণে একত্র করিয়া।
সমরে সাজহ বলি কহেন কবিয়া॥

সংগ্রামে সাজিল সেনা দেখিতে বিকট।
সাজিল বারণ বাজী সংগ্রাম শকট॥
হেরিয়া প্রফুল্ল মনে ভূপতিনন্দন।
শশুরের পদগুগ করিয়া বন্দন॥
কিছেন আমারে পান্ দেহ মহীপতি।
বিনাশিব রিপ্রদল ঘুচাব অখ্যাতি॥
সমৈন্যে ঘেরিব দিল্লীরাজে দিল্লীপরে।
মম বলে রিপ্রদর্প পলাইবে দ্বে॥
নিক্দেগে মহারাজ থাকুন আলয়ে।
কক্ষন আশিস রিপ্র যাবে যমালয়ে॥
এতবলি বীরবাত্ বন্দিয়া রাজায়:
শিবিরে আসিয়া পরে বার দিল রায়॥
